ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম

www.pbs3.chittagong.gov.bd

স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫৬৮.০১.০৩৮.২৩.৯৫৮৭

তারিখঃ ৩১ মে ২০২৩ / ১৭ জ্যৈষ্ঠ, ১৪৩০

..............................

**বিষয়ঃ- অভিন্ন কম্পিইটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।**

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় অভিন্ন কম্পিইটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের লক্ষ্যে বাংলাদেশি প্রকৃত বিক্রেতা/ প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটারহেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | একক দর (টাকা) | মোট দর (টাকা) | দরপত্র গ্রহণ ও খোলার সময় | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | গ্রহণ | খোলা |
| ১) | এলটি-এ কনজুমার (আবাসিক গ্রাহক), (নমুনা ভিত্তিক) | ২,৩০,০০০টি | | | ০৮/০৬/২০২৩খ্রি. তারিখ ১২:০০ ঘটিকা পর্যন্ত | ০৮/০৬/২০২৩ খ্রি. তারিখ ১২:০৫ ঘটিকা |
| ২) | এলটি-এ ব্যতীত অন্যান্য সকল গ্রাহক, (নমুনা ভিত্তিক) | ১৪,০০০টি | | | | |
| ৩) | এমটি, এইচটি ও ইএইচটি গ্রাহক, (নমুনাভিত্তিক) | ১,০০০টি | | | | |

০৪

**মুদ্রণ সংক্রান্ত নির্দেশনা**

ক) কাগজঃ বিল ফরমসমূহ চলমান কাগজে (Continuous Paper) তৈরী, চলমান বিল পৃষ্ঠার বামের ও ডানের ট্রাক্টরের ছিদ্রসমূহ একটি ষ্ট্যান্ডার্ডে তৈরী এবং **উক্ত ছিদ্রসমূহ ষ্টার পাঞ্চ (Star Punch) দ্বারা তৈরী করতে হবে, যাহাতে ছিদ্রসমূহে কোন ডাষ্ট (কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে (প্রদর্শিত নমুনা মোতাবেক)**। গ্রাহক ও অফিস কপির মাঝে পারপুরেশন করা থাকবে। ব্যবহৃত কাগজের মান ও সাইজ যথাক্রমে ৭০ GSM ওজনের উন্নতমানের অফসেট ও সাইজ-১১´´×৯.৫´´ (Letter size) হবে। (নমুনা মোতাবেক)

খ) **মুদ্রণে ব্যবহৃত কালি ঃ**

কর্তৃপক্ষের অনুমোদিত নমুনা ফরমেট অনুযায়ী উন্নতমানের অফসেট কালি দ্বারা হুবহু প্রিন্টিং ও সরবরাহ করতে হবে।

গ) **মুদ্রিত বিষয়ঃ**

প্রথম পৃষ্ঠার (অফিস কপি ও গ্রাহক কপির পার্শ্বে ও নিচে) বিজ্ঞপ্তিসমূহ সকলের দৃষ্টি আকর্ষনের জন্য লাল কালি দ্বারা প্রিন্টিং করতে হবে। মুদ্রণের অক্ষরসমূহ স্পষ্ট (Sharp) হতে হবে। বিলের উভয় কপিতে উপরের বাম অংশে ভ্যাট রেজিষ্ট্রেশন নম্বর ও এরিয়া কোড উল্লেখ থাকবে। ফরমের নিরাপত্তা ও বিতরণ হিসাব সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ফরমের প্রথম পৃষ্ঠার উভয় কপিতে ডান দিকে ছয় অংকের ক্রমিক নম্বর (সিরিয়াল নং) দিতে হবে। ১ম পৃষ্ঠায় উভয় কপিতে ফরমের পাদদেশে সরবরাহকারী মুদ্রণ প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশ নাম, কার্যাদেশ নং ও কার্যাদেশের তারিখ মুদ্রিত হবে। "শেখ হাসিনার উদ্যোগ ঘরে-ঘরে বিদ্যুৎ" শ্লোগান এবং চট্টগ্রাম পসি-৩ এর লোগো বাম পার্শ্বের উপরে মুদ্রিত করতে হবে। ফরমের অপর পৃষ্ঠায় গ্রাহক কপিতে গ্রাহকের জন্য সমিতি এর কতিপয় সাধারণ বিধি লাল কালিতে হুবহু ছাপাতে হবে।

ঘ) **ডেলিভারী প্যাকিংঃ**

১) প্রতি প্যাকেটে ২০০০টি শীট থাকতে হবে। প্যাকিং ব্যতিত মুদ্রিত ও ছিদ্রযুক্ত (Continuous Paper এর ক্ষেত্রে) ২০০০ শীটের প্রতিটির ন্যূনতম ওজন ৭০ গ্রাম। প্রতিটি প্যাকেটের ন্যূনতম ওজন ১০ কেজি এবং প্যাকেট ছাড়া ২০০০টি বিল ফরম এর ওজন ন্যূনতম ওজন ৯.৩৩ কেজি হতে হবে। প্রয়োজনে কাগজের গুনগতমান পবিস কর্তৃক পরীক্ষা করতে পারবেন। যাহার ব্যয় বিক্রেতাকে বহণ করতে হবে।

**সমিতির প্রদত্ত নমুনা মোতাবেক।**

**শর্তাবলীঃ-**

০১। নির্ধারিত সময়ের মধ্যে সীলমোহরকৃত দরপত্র (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (খ) চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০২। খামের উপর **"অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের দরপত্র"** কথাটি উল্লেখ করতে হবে।

০৩। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, আয়কর সনদ ও ব্যাংক সলভেন্সি সনদ এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৪। কার্যাদেশ প্রদানের ১৫ দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে উন্নতমানের মালামাল সরবরাহ করতে হবে।

০৫। সর্বনিম্ন ও রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে বর্ণিত মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে। মালামালের গুণগত মান সন্তোষজনক এবং নমুনা মোতাবেক না হলে কোন অবস্থাতেই উক্ত মালামাল গ্রহণ করা হবে না।

০৬। সন্তোষজনক মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে Account Payee Cheque এর মাধ্যমে বিল পরিশোধ করা হবে, তবে সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

০৭। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশে উল্লিখিত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

০৮। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

31/5/23

(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।</u>**

০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চট্টগ্রাম।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য. প. (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, চট্টগ্রাম।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------------পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চট্টগ্রাম।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, চট্টগ্রাম।
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সীতাকুন্ড/মীরসরাই/হাটহাজারী, চট্টগ্রাম।
০৮। ডিজিএম (সদর-কারিগরী)/মীরসরাই জোনাল অফিস।
০৯। এজিএম (প্রশাসন/অর্থ/ওএন্ডএম)।
১০। এজিএম (আইটি) (ওয়েবসাইট ও বাপবিবোর্ডে প্রেরণ নিশ্চিত করে প্রমাণক সংরক্ষণ করবেন)।
১১। নোটিশ বোর্ড/অফিস কপি।

31/5/23

(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার